অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/17/2023 **গভর্নর ক্যাথি হোকল**

150 মিলিয়ন ডলারের মিড-হাডসন মোমেন্টাম তহবিলের অনুদানের জন্য আবেদনের সুযোগ উন্মুক্ত হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

এই উদ্যোগ মিড-হাডসন অঞ্চলে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে এবং রূপান্তরমূলক প্রকল্পগুলো চালু করবে

আবেদন ও নির্দেশনা এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকলআজ মিড-হাডসন অঞ্চল জুড়ে মিশ্র-ব্যবহারের আবাসন ও অবকাঠামো প্রকল্পগুলোর জন্য 150 মিলিয়ন ডলারের মিড-হাডসন মোমেন্টাম তহবিলের অনুদানের জন্য আবেদনের সুযোগ উন্মুক্ত হয়েছে বলে ঘোষণা করেছেন। এই উদ্যোগ কমিউনিটিগুলোকে সাম্প্রতিক সময়ে মহামারীর কারণে অঞ্চলব্যাপী জনসংখ্যা বৃদ্ধির প্রেক্ষিতে অবকাঠামোর ক্রমবর্ধমান চাহিদা পূরণ করতে সাহায্য করবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর বাস্তবায়ন করা এই তহবিল এই অঞ্চলে ক্রমবর্ধমান চাহিদা পূরণ করা এবং গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রকল্পগুলোতে বিনিয়োগ করার জন্য একটি বৃহৎ অঙ্গীকারাবদ্ধতার প্রতিনিধিত্ব করে। গভর্নর হোকল এর আগে 2023 সালের ফেব্রুয়ারি মাসে মিড-হাডসন মোমেন্টাম তহবিলের কথা ঘোষণা করেছিলেন।

"এটির সমৃদ্ধ ইতিহাস, প্রাকৃতিক সৌন্দর্য, এবং সাংস্কৃতিক সম্পদ নিয়ে মিড-হাডসন অঞ্চল দীর্ঘ সময় ধরে আমাদের স্টেটের শিরোমণি হয়ে রয়েছে যা বহু বছর ধরে নতুন অধিবাসী ও দর্শনার্থীদেরকে স্বাগত জানিয়ে আসছে," **বলেছেন গভর্নর হোকল।** "এই অঞ্চলে জনসংখ্যা ও দর্শনার্থীদের সংখ্যা সমানভাবে বৃদ্ধি পাওয়ার এই সময়ে, এই অঞ্চলটি যাতে পরিবার, কর্মী, ব্যবসা প্রতিষ্ঠান এবং পর্যটকদের জন্য একটি গন্তব্যস্থল হিসেবে নিজের ভূমিকা অব্যাহত রাখতে পারে তা নিশ্চিত করতে মিড-হাডসন মোমেন্টাম তহবিল কমিউনিটিগুলোকে সাশ্রয়ী ও সমতাপূর্ণ আবাসন এবং স্থানীয় অবকাঠামো বৃদ্ধি করার মতো অতি গুরুত্বপূর্ণ প্রয়োজনগুলো পূরণ করতে সাহায্য করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "মিড-হাডসন অঞ্চল জুড়ে আবাসন এবং অবকাঠামো উন্নয়নের ক্রমবর্ধমান চাহিদা পূরণ করতে আমাদের কৌশলগত পদক্ষেপ গ্রহণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের মিড-হাডসন আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের (Mid-Hudson Regional Economic Development

Council) তরফ থেকে অবহিত মতামত কাজে লাগিয়ে, এই কর্মসূচি এই চমৎকার অঞ্চলটি নিয়ে ক্রমবর্ধমান আগ্রহ মোকাবেলা করতে এবং তা সামাল দিতে সাহায্য করবে এবং ভবিষ্যতে এই অঞ্চলের সমৃদ্ধি টিকিয়ে রাখতে সাহায্য করবে।"

মিড-হাডসন আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের সহ-সভাপতি ড. মার্শা গর্ডন, দ্য বিজনেস কাউন্সিল অব ওয়েস্টচেস্টার (The Business Council of Westchester)-এর প্রেসিডেন্ট ও CEO এবং SUNY অরেঞ্জ (SUNY Orange)-এর প্রেসিডেন্ট ড. ক্রিস্টিন ইয়ং বলেন, "মহামারীর সময় থেকে আমরা আমাদের অঞ্চলে হাজার হাজার নতুন অধিবাসীকে স্বাগত জানিয়ে আসছি, যা আবাসন এবং বিদ্যমান স্থানীয় অবকাঠামোগুলো উন্নত করার চাহিদা ব্যাপকভাবে বৃদ্ধি করেছে। মিড-হাডসন মোমেন্টাম তহবিল এসব চাহিদা পূরণ করতে সাহায্য করবে এবং অনুমোদিত প্রকল্পগুলো যাতে এই অঞ্চলের লক্ষ্য ও অগ্রাধিকারগুলোর সাথে সঙ্গতিপূর্ণ হয় তা নিশ্চিত করার জন্য আমরা প্রত্যাশা রাখি।"

মিড-হাডসন অঞ্চল পর্যটক এবং নতুন স্থায়ী বাসিন্দাদের উভয়ের জন্য একটি শীর্ষ গন্তব্যস্থল হয়ে উঠেছে, যেখানে কেবল গত দুই বছরে 33,000-এরও বেশি অধিবাসী এই অঞ্চলে স্থানান্তরিত হয়েছেন। গত বছর লভ্য হওয়া আঞ্চলিক আবাসসের মজুদ এক শতাংশের চেয়েও কম হওয়ায় আগত অধিবাসীদের সহায়তা করার জন্য নতুন উন্নয়ন প্রকল্পের জরুরি প্রয়োজন দেখা দিয়েছে। মিড-হাডসন মোমেন্টাম তহবিল সেসব মিশ্র-ব্যবহারের আবাসন ও অবকাঠামো প্রকল্পগুলোকে সহায়তা করবে যেগুলো এই অঞ্চলে দীর্ঘস্থায়ী প্রভাব ফেলবে এবং যেগুলো মিড-হাডসন আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের কৌশলগত পরিকল্পনার লক্ষ্য ও অগ্রাধিকারগুলোর সাথে সঙ্গতিপূর্ণ হবে। এর মধ্যে কমিউনিটির সমর্থন আদায় করে নিয়েছে, সাশ্রয়ী আবাসন বৃদ্ধি করবে, নন-স্টেট বিনিয়োগ কাজে লাগাবে, আর্থিকভাবে নির্ভরযোগ্য অবস্থানে রয়েছে, এবং দ্রুত শুরু করা যাবে এমন প্রকল্পগুলো অন্তর্ভুক্ত রয়েছে।

পাঁচ বছর মেয়াদে সুনির্দিষ্ট প্রকল্পগুলোর জন্য 150 মিলিয়ন ডলার লভ্য হবে এবং মিশ্র-ব্যবহারের আবাসন প্রকল্প এবং অবকাঠামো প্রকল্পগুলোর মধ্যে সমানভাবে বন্টন করা হবে। প্রতিটি প্রকল্পের জন্য 2.5 মিলিয়ন ডলার থেকে 10 মিলিয়ন ডলার পর্যন্ত অনুদান প্রদান করা হবে এবং স্টেট-বহির্ভুত তহবিলের উৎস থেকে কমপক্ষে 50 শতাংশ অর্থায়ন আবশ্যক হবে। এসব তহবিল ফ্যাসিলিটিগুলোর নির্মাণকাজ, সম্প্রসারণ, ও সংস্কার, সরঞ্জাম ও যন্ত্রপাতি, অবকাঠামো ও সাইট উন্নয়ন, এবং নির্মাণকাজের সাথে সম্পর্কিত নকশা ও প্রকৌশল কাজের জন্য ব্যবহার করা যাবে। উপযুক্ত আবেদনকারীদের মধ্যে অলাভজনক সংস্থাসমূহ, মিউনিসিপ্যালিটি, পাবলিক বেনিফিট কর্পোরেশনসমূহ, যেমন IDA ও LDC এবং লাভজনক কোম্পানিগুলো অন্তর্ভুক্ত রয়েছে।

ESD-এর কাছে আবেদন জমা দেওয়ার শেষ সময় 28 জুলাই, 2023 বিকাল 4টা, যা জমা দেওয়ার স্বল্প সময়ের মধ্যে মিড-হাডসন আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের দ্বারা পর্যালোচনা করা হবে। 28 জুলাই, 2023 তারিখের পরে পাওয়া আবেদনগুলো মিড-হাডসন আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের দ্বারা ত্রৈমাসিক ভিত্তিতে পর্যালোচনা করা হবে। মিড-হাডসন মোমেন্টাম তহবিল সম্পর্কে আরো জানুন এখানে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে
এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD) হচ্ছে নিউ ইয়র্কের মুখ্য অর্থনৈতিক ডেভেলপমেন্ট এজেন্সি (www.esd.ny.gov)। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও ESD হলো আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলোর এবং স্টেটের আইকনিক পর্যটন ব্র্যান্ড "আই লাভ NY" ("I LOVE NY") এর বিপণনের তত্ত্বাবধানকারী প্রধান প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov ওয়েবসাইট দেখুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418